# ঢাকা-মাওয়া এক্সপ্রেসওয়েতে বাস-ট্রাক সংঘর্ষে নিহত ৪, আহত ১৪



সংগৃহীত ছবি

মুন্সিগঞ্জের শ্রীনগর উপজেলায় ঢাকা-মাওয়া এক্সপ্রেসওয়েতে চলন্ত একটি ট্রাকের পেছনে একটি যাত্রীবাহী বাসের ধাক্কায় কমপক্ষে চারজন নিহত হয়েছেন এবং অন্তত ১৪ জন আহত হয়েছেন।

নিহতদের মধ্যে দুইজনের নাম জালাল উদ্দিন ও জিল্লুর রহমান (যশোর সদর), অপরজন বাসের সহকারী হাসিব এবং আব্দুল হালিম বলে জানা গেছে।

এই মর্মান্তিক দুর্ঘটনাটি ঘটে আজ বুধবার ভোররাতে আনুমানিক ৩টা ১৫ মিনিটে, সিংপাড়া-নওপাড়া ও হাসাড়া ব্রিজ-২ এর মধ্যবর্তী স্থানে, ঢাকা-মুখী লেনে।

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সূত্রে জানা গেছে, যশোর থেকে ছেড়ে আসা ঢাকাগামী হামদান পরিবহনের একটি নৈশ কোচ চলন্ত ট্রাকের পেছনে দ্রুতগতিতে ধাক্কা দেয়। সংঘর্ষের পর বাস ও ট্রাক দুটোই নিয়ন্ত্রণ হারিয়ে রোড ডিভাইডারে উঠে পড়ে।

শ্রীনগর ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার দেওয়ান আজাদ হোসেন জানান, "দুর্ঘটনার পরপরই দু'জন ঘটনাস্থলে এবং পরে হাসপাতালে আরও দুজন মারা যান।"

দুর্ঘটনার পরপরই শ্রীনগর ফায়ার সার্ভিসের একটি দল ঘটনাস্থলে পৌঁছে আহতদের উদ্ধার করে ঢাকায় পাঠায় চিকিৎসার জন্য।

ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের পুলিশ আউটপোস্টের ইনচার্জ মো. ফারুক মৃত্যুর বিষয়টি নিশ্চিত করে বলেন, "বর্তমানে হাসপাতালে ভর্তি আহতদের মধ্যে পাঁচজন চিকিৎসাধীন রয়েছেন। তাদের মধ্যে তিনজনের অবস্থা আশঙ্কাজনক।"

দুর্ঘটনার পর মহাসড়কে কিছু সময়ের জন্য যান চলাচল ব্যাহত হয়। পরে হাইওয়ে পুলিশ, স্থানীয় প্রশাসন ও উদ্ধারকর্মীরা একযোগে উদ্ধার কাজ চালিয়ে ক্ষতিগ্রস্ত যানবাহনগুলো সরিয়ে নিলে যান চলাচল স্বাভাবিক হয়।